

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১০ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২৯৪-আইন/২০২৩।—যেহেতু Primary Schools (Taking Over) Act, 1974 (Act No. VIII of 1974), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 6, section 3 এর sub-section (2) এর clause (b) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩ এর সংশোধনের প্রস্তাব ১৬ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ/৩১ অক্টোবর, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৩০৮-আইন/২০১৭ মূলে সরকারি গেজেটে প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু উপরি-উক্ত প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের পর প্রাপ্ত পরামর্শ বা আপত্তি বিবেচনাক্রমে সরকার উক্ত প্রাক-প্রকাশিত প্রস্তাব সংশোধনপূর্বক উহা চূড়ান্ত করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু উক্ত Act এর section 6, section 3 এর sub-section (2) এর clause (b) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত বিধিমালার নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (খ) এর প্রাপ্তগত “।” চিহ্নের পরিবর্তে “:” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, এই দফার অধীন নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ বা উহার পূর্বে সার্টিফিকেট ইন এডুকেশন বা সমমানের

(১৫৫১৩)

মূল্য : টাকা ৪.০০

পরীক্ষার সার্টিফিকেট প্রাপ্ত হইলে তাহার ক্ষেত্রে উক্ত যোগ্যতা অর্জনের শর্ত প্রযোজ্য হইবে না।”; এবং

- (খ) উপ-বিধি (২) এ উল্লিখিত “তাহার নিয়োগের ৩ (তিন) বৎসর পূর্তির” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “এই প্রজ্ঞাপন জারির তারিখের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাসুদ আকতার খান
অতিরিক্ত সচিব।